অধ্যায় ০৭

# পরিবার ও বিদ্যালয়ে শিশুর ভূমিকা

## আলোচ্য বিষয়

▸ পরিবারের সদস্যদের প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য ▸ প্রবীণদের প্রতি দায়িত্ব ও কর্তব্য ▸ পরিবারের সুরক্ষা ▸ পরিচ্ছন্নতা রক্ষায় আমি।

## অধ্যায়ের মূলকথা



সাধারণত মা-বাবা ও ভাইবোন নিয়ে পরিবার গঠিত হয়। এছাড়াও যৌথ পরিবারে চাচা, 'চাচি' চাচাতো ভাইবোন, দাদা-দাদি বা অন্যান্য বয়োজ্যেষ্ঠ ব্যক্তিও থাকেন। পরিবারের বড়ো সদস্যরা যেমন ছোটোদের লালন-পালন করেন, যত্ন নেন, আদর-স্নেহ করেন তেমনি ছোটো সদস্যরাও বড়োদের ভালোবাসে, সম্মান করে। পরিবারে যেসব বয়োজ্যেষ্ঠ ব্যক্তি রয়েছেন আমরা তাদের সম্মান করব, ভালোবাসব, তাদের সকল কাজে সাহায্য করব, তাদেরকে সঙ্গ দেব, গল্প করব, তাদের আদেশ-উপদেশ মেনে চলব। তবে কখনো কখনো পরিবারে নানা ধরনের ঝুঁকি তৈরি হতে পারে। কেউ অসুস্থ হতে পারে, দুর্ঘটনায় পড়তে পারে, ঘরে আগুন লাগতে পারে, বাড়িতে চুরি বা ডাকাতি হতে পারে। এসব ঝুঁকি থেকে সুরক্ষার জন্য বিভিন্ন সেবাদানকারী সংস্থা যেমন— হাসপাতাল, ফায়ার ব্রিগেড, পুলিশ বাহিনী ইত্যাদির সাহায্য নিতে হবে। যেকোনো ধরনের বিপদে-আপদে আগে জানাতে হবে এবং তাদের সাথে সুসম্পর্ক বজায় রাখতে হবে। এছাড়া দ্রুত সেবাদানকারী সংস্থার সাহায্য পাবার জন্য কিছু জাতীয় হেল্প লাইন/হটলাইন নাম্বার যেমন— ৯৯৯-এ কল করতে হবে।

আমাদের ঘরবাড়ি, রাস্তাঘাট, বিদ্যালয়, চারপাশ সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা প্রয়োজন। আর তা না হলে মশামাছি জন্মে দুর্গন্ধ ছড়ায়, বিভিন্ন রোগ সৃষ্টি হয়। এজন্য পরিচ্ছন্নতা রক্ষায় সক্রিয় ভূমিকা পালন করতে হবে।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

- পরিবারের ছোটো ও বড়োদের প্রতি করণীয় বিষয়ে সচেতন হয়ে নিজ ভূমিকা পালন করা।
- পরিবারের নিরাপত্তা ঝুঁকি সম্পর্কে জেনে প্রয়োজনে প্রযোজ্য সংস্থার সাহায্য গ্রহণ করা।
- নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় সচেতন হয়ে নিজ ভূমিকা পালন করা।

## অধ্যায়ের শিখনফল

- পরিবারের ছোটোদের প্রতি ভালোবেসে দায়িত্ব পালন করতে পারবে।
- পরিবারের বড়োদের প্রতি শ্রদ্ধাসহকারে দায়িত্ব পালন করতে পারবে।
- পরিবারের প্রবীণ সদস্যদের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসার সাথে দায়িত্ব পালন করতে পারবে।
- নিজের নিরাপত্তা ঝুঁকি চিহ্নিত করতে পারবে।
- নিজের সুরক্ষায় করণীয় বলতে পারবে।
- সুরক্ষায় বিভিন্ন সেবাদানকারী সংস্থা ও প্রতিবেশীর সাহায্য গ্রহণ করতে পারবে।
- নিকট পরিবেশ ও বিদ্যালয়ের পরিচ্ছন্নতা রক্ষায় নিজ করণীয় বর্ণনা করতে পারবে।

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

## পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ)

বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

### পাঠ ১ পরিবারের সদস্যদের প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য


▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫২

**একক কাজ** (ক) ছবি দুটি পর্যবেক্ষণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর বলি—

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫২



ছবি-১



ছবি-২

(১) ১নং ছবিতে কে, কী করছে?
(২) কেন করছে?
(৩) ২নং ছবিতে কে, কী করছে?
(৪) কেন করছে?

নির্দেশনা : পাঠ্যবইয়ের ৫২ পৃষ্ঠা ভালোভাবে পড়ে প্রশ্নগুলোর উত্তর লিখবে।

উত্তর :

(১) ১নং ছবিতে কে, কী করছে?
উত্তর : ছবিতে পরিবারের দুজন বড়ো সদস্য একটি শিশুর পরিচর্যা করছে।

(২) কেন করছে?
উত্তর : কারণ পরিবারের ছোটো সদস্যদের দেখাশোনার দায়িত্ব বড়োদের।

(৩) ২নং ছবিতে কে, কী করছে?
উত্তর : ছবিতে ছেলেটি তার মাকে রান্নায় সাহায্য করছে, আর মেয়েটি বাবার হাতে থাকা বাজারের ব্যাগটি নিয়ে বাবাকে সাহায্য করছে।

(৪) কেন করছে?
উত্তর : কারণ বড়োদের প্রতি আমাদের কিছু দায়িত্ব আছে। তাদের আদেশ মেনে চলার পাশাপাশি বিভিন্ন পারিবারিক কাজে বড়োদের সাহায্য করা আমাদের কর্তব্য।

**জোড়ায় কাজ** (খ) পাঠ্যবইয়ের ৫২ পৃষ্ঠার অনুচ্ছেদটি পড়ে পরিবারের ছোটোদের প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য নিচের ছকে লিখি—

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৩

পাঠ্যবইয়ের ছক :

| | |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |
| ৪. | |

উত্তর : ছোটোদের প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য

| | |
|---|---|
| ১. | ছোটোদের আমি ভালোবাসব ও তাদের স্নেহ করব। |
| ২. | তাদের খেতে সাহায্য করব। |
| ৩. | তাদের খেলতে নিয়ে যাব। |
| ৪. | সবসময় তাদের দিকে লক্ষ রাখব। |

**দলগত কাজ** (গ) পাঠ্যবইয়ের ৫২ পৃষ্ঠার অনুচ্ছেদটি পড়ে পরিবারের বড়োদের প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য নিচের ছকে লিখি—

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৩

পাঠ্যবইয়ের ছক :

| | |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |

উত্তর : বড়োদের প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য

| | |
|---|---|
| ১. | আমরা বড়োদের আদেশ ও নির্দেশ মেনে চলব। |
| ২. | বড়োদের সম্মান ও শ্রদ্ধা করব। |
| ৩. | পরিবারের কাজে তাদের সাধ্যমতো সাহায্য করব। |

দলগত কাজ (ঘ) পরিবারের সদস্যদের প্রতি আমি কেন দায়িত্ব পালন করতে চাই, তা লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৩

পাঠ্যবইয়ের ছক :

| | |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |

উত্তর :

| | |
|---|---|
| ১. | কারণ আমি পরিবারের একজন সদস্য। |
| ২. | পরিবার ভালো থাকলে আমাদের বেড়ে উঠায় পরিবেশও ভালো হবে। |
| ৩. | পরিবারের অন্য-সদস্যরাও তখন আমাদের ভালোবাসবে। |

## পাঠ ২ প্রবীণদের প্রতি দায়িত্ব ও কর্তব্য

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৪

একক কাজ (ক) ছবিটি পর্যবেক্ষণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর বলি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৪



(১) ছবিতে বৃদ্ধা মহিলা কী করছেন?
(২) মেয়েশিশুটি কী করছে?
(৩) ছেলেশিশুটি কী করছে?
(৪) বৃদ্ধা মহিলার সাথে ছেলে এবং মেয়েটির সম্পর্ক কী হতে পারে?

উত্তর :

(১) **ছবিতে বৃদ্ধা মহিলা কী করছেন?**
**উত্তর :** অসুস্থ অবস্থায় শুয়ে আছেন।

(২) **মেয়েশিশুটি কী করছে?**
**উত্তর :** বৃদ্ধাকে ওষুধ খাওয়াচ্ছে।

(৩) **ছেলেশিশুটি কী করছে?**
**উত্তর :** ওষুধ খাওয়ার জন্য বৃদ্ধাকে পানি দিচ্ছে।

(৪) **বৃদ্ধা মহিলার সাথে ছেলে এবং মেয়েটির সম্পর্ক কী হতে পারে?**
**উত্তর :** বৃদ্ধাটি হতে পারেন শিশু দুটির দাদি বা নানি, আর শিশু দুটি তার নাতি-নাতনি।

জোড়ায় কাজ (খ) পাঠ্যবইয়ের ৫৪ পৃষ্ঠার অনুচ্ছেদটুকু পড়ে আমার পরিবারের প্রবীণ সদস্যদের প্রয়োজনগুলো লিখি—
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৫

পাঠ্যবইয়ের ছক :

| | |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |
| ৪. | |

উত্তর :

| | |
|---|---|
| ১. | প্রবীণদের ভালোবাসতে হবে, সঙ্গ দিতে হবে। |
| ২. | প্রবীণদের সাথে গল্প করতে হবে, তাদের নিয়ে বেড়াতে যেতে হবে। |
| ৩. | তারা অসুস্থ হলে সেবা করতে হবে। |
| ৪. | তাদের বেড়াতে নিয়ে যেতে হবে। |

একক কাজ (গ) আমি আমার পরিবারের প্রবীণ সদস্যদের প্রতি কী কী দায়িত্ব পালন করতে চাই, তা নিচের ছকে লিখি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৫

পাঠ্যবইয়ের ছক :

| | |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |

উত্তর :

| | |
|---|---|
| ১. | আমি প্রবীণদের নিয়ে বিকালে হাঁটতে যেতে চাই। |
| ২. | তাদের সাথে প্রতিদিন নির্দিষ্ট সময়ে গল্প করতে চাই। |
| ৩. | প্রবীণরা অসুস্থ হলে আমি তাদের সেবা করতে চাই। |

দলগত কাজ (ঘ) পরিবারের প্রবীণ সদস্যদের প্রতি আমাদের কেন দায়িত্ব পালন করা উচিত তা নিচের ছকে লিখি—
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৫

পাঠ্যবইয়ের ছক :

| | |
|---|---|
| ১. | |
| ২. | |
| ৩. | |

উত্তর :

| | |
|---|---|
| ১. | প্রবীণ সদস্যরা বয়সের কারণে অনেক দুর্বল। |
| ২. | তারা স্বাধীনভাবে চলাফেরা করতে পারে না। |
| ৩. | অন্যের সাহায্য ছাড়া প্রবীণরা অনেক সময় নিজের কাজকর্মও ঠিকভাবে করতে পারে না। |

## পাঠ ৩ পরিবারের সুরক্ষা

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৬

**একক কাজ** (ক) ছবিটি পর্যবেক্ষণ করে কী দুর্ঘটনা ঘটেছে তা বলি। পরিবারে আর কী কী নিরাপত্তা ঝুঁকি তৈরি হতে পারে তা নিচের ছকে লিখি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৬



| ক্রমিক নং | নিরাপত্তা ঝুঁকি |
|---|---|
| | |
| | |
| | |

উত্তর :

| ক্রমিক নং | নিরাপত্তা ঝুঁকি |
|---|---|
| ১. | বাড়ির ছোটো মেয়েটি আম কাটতে গিয়ে ছুরি দিয়ে হাত কেটে ফেলেছে। |
| ২. | চুলায় আগুন ধরাতে গিয়ে ঘরে আগুন লেগে যেতে পারে। |
| ৩. | বাড়িতে চুরি-ডাকাতি হতে পারে। |
| ৪. | বাসায় ছোটো বাচ্চা থাকলে সে পড়ে গিয়ে ব্যথা পেতে পারে। |
| ৫. | বাড়ির প্রবীণ সদস্যরা বাথরুমে পিছলে পড়ে যেতে পারেন। |

**জোড়ায় কাজ** (খ) ছবিগুলো পর্যবেক্ষণ করে পরিবারের সুরক্ষার জন্য বিভিন্ন সংস্থা এবং সেসব সংস্থা থেকে যেসব সেবা পেতে পারি তা নিচের ছকে লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৭








পাঠ্যবইয়ের ছক :

| ক্রমিক নং | সেবাদানকারী সংস্থা/প্রতিষ্ঠানের নাম | কী ধরনের সেবা প্রদান করে |
|---|---|---|
| ১ | | |
| ২ | | |
| ৩ | | |

উত্তর :

| ক্রমিক নং | সেবাদানকারী সংস্থা/প্রতিষ্ঠানের নাম | কী ধরনের সেবা প্রদান করে |
|---|---|---|
| ১ | হাসপাতাল | চিকিৎসাসেবা দেয় |
| ২ | ফায়ার ব্রিগেড | আগুন নেভাতে সাহায্য করে |
| ৩ | পুলিশ বাহিনী | আইনশৃঙ্খলা রক্ষা করে |

**জোড়ায় কাজ** (গ) সেবাদানকারী সংস্থার সেবা পাওয়ার জন্য কী করা যায় তা নিচের ছকে লিখি–

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৭

পাঠ্যবইয়ের ছক :

| ক্রমিক নং | যোগাযোগের উপায় | কী তথ্য জানাব |
|---|---|---|
| ১ | | |
| ২ | | |

উত্তর :

| ক্রমিক নং | যোগাযোগের উপায় | কী তথ্য জানাব |
|---|---|---|
| ১. | হেল্পলাইনে যোগাযোগ | বাড়ির ঠিকানা এবং প্রয়োজন সম্পর্কিত তথ্য |
| ২ | সরাসরি যোগাযোগ | |

**দলগত কাজ** (ঘ) বাড়িতে কেউ হঠাৎ অসুস্থ হয়ে পড়লে প্রতিবেশীর সাহায্য পাওয়ার জন্য করণীয় কাজ অভিনয় করে দেখাই।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৭


**সমাধান :** শিক্ষকের সার্বিক তত্ত্বাবধানে শিক্ষার্থীরা অভিনয় করে দেখাবে। এই বইয়ের ৭৬ পৃষ্ঠায় একটি ভূমিকাভিনয় এর নমুনা দেওয়া আছে।

## পাঠ ৪ পরিচ্ছন্নতা রক্ষায় আমি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৮

**একক কাজ** (ক) ছবি দুটি পর্যবেক্ষণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর বলি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৮





(১) এগুলো কীসের ছবি? (২) এখানে কাদের দেখা যাচ্ছে?
(৩) তারা কী করছে? (৪) এর ফলে কী হতে পারে?

উত্তর :

(১) **এগুলো কীসের ছবি?**
উত্তর : পরিচ্ছন্নতা কার্যক্রমের ছবি।

(২) **এখানে কাদের দেখা যাচ্ছে?**
উত্তর : প্রথম ছবিতে দেখা যাচ্ছে গ্রামের মানুষেরা তাদের রাস্তাঘাট এবং বাড়ির আশপাশের ঝোপঝাড় পরিষ্কার করছে। দ্বিতীয় ছবিতে দেখা যাচ্ছে শিক্ষার্থীরা বিদ্যালয়ের আঙিনা পরিষ্কার করছে।

(৩) **তারা কী করছে?**
উত্তর : তারা নিকট পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন করছে।

(৪) **এর ফলে কী হতে পারে?**
উত্তর : পরিষ্কার-পরিচ্ছন্নতার ফলে পরিবেশ সুন্দর হবে, মশা-মাছি জন্মাবে না, ধুলোবালি জমবে না, রোগজীবাণু জন্মাবে না ও দুর্গন্ধ ছড়াবে না।

**জোড়ায় কাজ** (খ) আমার নিকট পরিবেশ পরিচ্ছন্ন রাখার জন্য আমার করণীয় নিচের ছকে লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৯

**পাঠ্যবইয়ের ৫৯নং পৃষ্ঠার (খ)-এর ছক পূরণ**

| ক্রমিক নং | করণীয় | কীভাবে করা হবে? |
|---|---|---|
| ১. | আগাছা পরিষ্কার করা | ছুটির দিনে বড়োদের সহায়তায় বন্ধুবান্ধব মিলে আগাছা কেটে/উপড়ে ফেলে এক জায়গায় জড়ো করা। |
| ২. | রাস্তাঘাট, খেলার মাঠ ইত্যাদি স্থান পরিচ্ছন্ন রাখা | সপ্তাহ অন্তত ১ দিন বড়োদের সহায়তায় বন্ধুদের নিয়ে রাস্তা, খেলার মাঠ পরিষ্কার করা। |
| ৩. | শ্রেণিকক্ষে ঠোঙ্গা, চিপসের প্যাকেট ইত্যাদি না ফেলা | শ্রেণিকক্ষে শিক্ষকদের সহায়তায় ময়লার ঝুড়ি রাখার ব্যবস্থা করা। |
| ৪. | যেখানে-সেখানে কফ, থুতু না ফেলা | শিক্ষকদের সহায়তা নিয়ে প্রাত্যহিক সমাবেশে যেখানে-সেখানে কফ, থুতু না ফেলতে অনুরোধ করা। |

**দলগত কাজ** (গ) আমার বিদ্যালয় পরিচ্ছন্ন রাখার জন্য করণীয় নিচের ছকে লিখি— ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৯

**পাঠ্যবইয়ের ৫৯নং পৃষ্ঠার (গ)-এর ছক পূরণ**

| ক্রমিক নং | করণীয় | কীভাবে করা হবে? |
|---|---|---|
| ১ | আগাছা পরিষ্কার করা | শিক্ষকের সহায়তায় বন্ধুবান্ধব মিলে আগাছা কেটে/উপড়ে ফেলে এক জায়গায় জড়ো করা। |
| ২ | বিদ্যালয়ের করিডোর, আঙিনা পরিচ্ছন্ন রাখা | শিক্ষকের তত্ত্বাবধানে বন্ধুরা মিলে ময়লা পরিষ্কার করা। |
| ৩ | বিদ্যালয়ের ওয়াশ ব্লক পরিচ্ছন্ন রাখা | ব্যবহারের পর পর্যাপ্ত পানি ঢেলে পরিচ্ছন্ন রাখব। |
| ৪ | শ্রেণিকক্ষ পরিষ্কার রাখা | টিফিন পিরিয়ডে কোনোকিছু খেয়ে প্যাকেট ক্লাসরুমে না ফেলা। |

**দলগত কাজ** (ঘ) শিক্ষকের সহায়তায় একটি নির্দিষ্ট দিনে বিদ্যালয়ে পরিচ্ছন্নতার ব্যবহারিক কাজ করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৯

উত্তর : শিক্ষকের তত্ত্বাবধানে এবং বড়দের সহায়তায় শিক্ষার্থীরা কাজটি সম্পন্ন করবে।

## শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

### পাঠ ১ | পরিবারের সদস্যদের প্রতি আমার দায়িত্ব ও কর্তব্য

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** ছবি দুটি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।



ছবি-১



ছবি-২

- ছবিগুলো কীসের বা কী সম্পর্কিত?
- ছবিতে কী দেখা যাচ্ছে?

**নমুনা উত্তর**

- **ছবিগুলো কীসের বা কী সম্পর্কিত?**
  **উত্তর :** ছবিগুলো পরিবারের সদস্যদের প্রতি শিশুদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কিত।
- **ছবিতে কী দেখা যাচ্ছে?**
  **উত্তর :** প্রথম ছবিতে দেখা যাচ্ছে ছেলেমেয়ে তাদের পরিবারের শিশুর দেখাশোনা করছে। দ্বিতীয় ছবিতে তারা বাবা ও মায়ের কাজে সহযোগিতা করছে।

### পাঠ ২ | প্রবীণদের প্রতি দায়িত্ব ও কর্তব্য

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**প্রশ্ন ১। তোমাদের বাসায় কি দাদা-দাদি নানা-নানি আছেন?**
**উত্তর :** আমাদের বাসায় দাদা-দাদি আছেন; কিন্তু নানা-নানি নেই।

**প্রশ্ন ২। তোমাদের বাসায় কি ছোটো ভাইবোন আছে?**
**উত্তর :** আমাদের বাসায় একটা ছোটো ভাই আছে।

**প্রশ্ন ৩। তারা অসুস্থ হলে তুমি কী কর?**
**উত্তর :** আমার দাদা-দাদি বা ছোটো ভাই অসুস্থ হলে আমি তাদের সেবা-যত্ন করি, তাদের ওষুধ খেতে সাহায্য করি, খাবার এগিয়ে দিই ইত্যাদি।

### পাঠ ৩ | পরিবারের সুরক্ষা

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** ছবিটি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।



- এটি কাদের ছবি?
- ছবিতে কী দেখা যাচ্ছে?
- ছেলেটি বা মেয়েটির কী করা উচিত?
- তুমি এই পরিস্থিতিতে থাকলে কী করতে?

**নমুনা উত্তর**

- **এটি কাদের ছবি?**
  **উত্তর :** এটি একটি পরিবারের ভাইবোনের ছবি।
- **ছবিতে কী দেখা যাচ্ছে?**
  **উত্তর :** ছবিটিতে দেখা যাচ্ছে দুই ভাইবোন মিলে ফল কাটতে গিয়ে মেয়েটির হাত কেটে গেছে।
- **ছেলেটি বা মেয়েটির কী করা উচিত?**
  **উত্তর :** ছেলেটির উচিত দ্রুত পরিবারের বড় সদস্যদের জানানো। তারা উপস্থিত না থাকলে প্রতিবেশীদের জানানো। আর মেয়েটির উচিত ক্ষতস্থান চেপে ধরা, যেন রক্তক্ষরণ কম হয়।
- **তুমি এই পরিস্থিতিতে থাকলে কী করতে?**
  **উত্তর :** আমি এই পরিস্থিতিতে থাকলে প্রথমে আমার পরিবারের সদস্যদের জানাতাম, তাদেরকে না পেলে প্রতিবেশীদের সাহায্য নিতাম। অবস্থা গুরুতর হলে হেল্পলাইন ৯৯৯-এ ফোন করে সাহায্য চাইতাম।

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর।

**প্রশ্ন ১। আমাদের পরিবারে কী কী ধরনের নিরাপত্তা ঝুঁকির সম্মুখীন হতে পারে?**

**উত্তর :** আমাদের পরিবার যেসব নিরাপত্তা ঝুঁকির সম্মুখীন হতে পারে তা হলো– হঠাৎ কেউ অসুস্থ হতে পারে, কেউ দুর্ঘটনায় পড়তে পারে, ঘরে আগুন লাগতে পারে, বাড়িতে চুরি বা ডাকাতি হতে পারে ইত্যাদি।

**প্রশ্ন ২। নিরাপত্তা ঝুঁকি থেকে সুরক্ষার জন্য কী কী সেবা দানকারী প্রতিষ্ঠান রয়েছে?**

**উত্তর :** আমাদের নিরাপত্তা ঝুঁকি থেকে সুরক্ষার জন্য বিভিন্ন সেবাদানকারী সংস্থা রয়েছে। যেমন– হাসপাতাল, ফায়ার ব্রিগেড, পুলিশ বাহিনী ইত্যাদি।

**প্রশ্ন ৩। আমাদের বিপদে-আপদে কারা সবার আগে এগিয়ে আসে?**

**উত্তর :** আমাদের বিপদে-আপদে প্রতিবেশীরা সবার আগে এগিয়ে আসে।

**প্রশ্ন ৪। বিভিন্ন সংস্থার সেবা সম্পর্কে আমাদের জানা প্রয়োজন কেন?**

**উত্তর :** দ্রুত সময়ের মধ্যে সংস্থাগুলো থেকে সাহায্য গ্রহণের জন্য আমাদের বিভিন্ন সংস্থার সেবা সম্পর্কে জানা প্রয়োজন।

**প্রশ্ন ৫। জাতীয় হেল্পলাইন ৯৯৯ থেকে কী কী ধরনের সেবা পাওয়া যায়?**

**উত্তর :** জাতীয় হেল্পলাইন ৯৯৯ থেকে ফায়ার সার্ভিস, অ্যাম্বুলেন্স এবং পুলিশি সেবা পাওয়া যায়।

**প্রশ্ন ৬। কীভাবে বিভিন্ন নিরাপত্তা সংস্থা থেকে আমরা নিজেদের সুরক্ষার জন্য সেবা পেতে পারি?**

**উত্তর :** আমাদের নিরাপত্তা ও সুরক্ষার জন্য বিভিন্ন সংস্থা রয়েছে। সংস্থাগুলোর সাহায্য গ্রহণের জন্য দ্রুত যোগাযোগ করার কিছু হটলাইন নম্বর রয়েছে। এ নম্বরে, যেকোনো দিন যেকোনো সময় সেবার জন্য বিনা খরচে ফোন করা যায়। ফোন করার সময় প্রয়োজনীয় সঠিক তথ্য দিতে হবে। ফোন করা ছাড়াও নির্দিষ্ট সংস্থার দপ্তরে সরাসরি গিয়ে যোগাযোগ করা যায়।

**দলগত কাজ** | **বাড়িতে কেউ হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তোমার করণীয় সম্পর্কে ভূমিকাভিনয় করে দেখাও।**

**সমাধান :**

**ভূমিকাভিনয়ের জন্য যা যা প্রয়োজন–**

- বিছানার চাদর
- বালিশ
- মোবাইল/ডামি
- শস (রক্ত বোঝানোর জন্য)
- সকলের অংশগ্রহণ
- চরিত্র : আরাফাত, মা, প্রতিবেশী

**স্ক্রিপ্ট :** (মা রান্নাঘরে রক্তমাখা আঙুল ধরে দাঁড়িয়ে আছে।)

**মা** : আরাফাত!

**আরাফাত** : জি, মা?

**মা** : আমাকে একটু ফাস্টএইড বক্সটা এনে দেবে?

**আরাফাত** : দিচ্ছি মা!

(এসে দেখবে মা রান্নাঘরের মেঝেতে পড়ে আছে)

**আরাফাত** : মা! মা! বক্স এনেছি।

(মায়ের চোখ বন্ধ। মা শুয়ে আছে)

**আরাফাত** : মা! মা! ঘুম থেকে উঠে বস। এই দেখো পানিও এনেছি। পানি খাও।

(আরাফাত এই অবস্থায় দ্রুত পাশের বাসায় যাবে ও দরজা ধাক্কা/ কলিংবেল দেবে। কিছুক্ষণের মধ্যে দরজা খুলে যাবে।)

**প্রতিবেশী** : আরাফাত, কেমন আছে? তোমাকে এমন চিন্তিত দেখাচ্ছে কেন?

**আরাফাত** : ফুপু! মা রান্নাঘরে কাজ করছিল। আমার কাছে ফাস্টএইড চাইল। ফাস্টএইড ও পানি এনে দেখি মা রান্নাঘরের মেঝেতে পড়ে আছে।

**প্রতিবেশী** : চলো তো।

(আরাফাত তার প্রতিবেশীকে নিয়ে বাসায় আসবে)

**প্রতিবেশী** : ভাবি! ভাবি-ই...!!!

**আরাফাত** : আমিও অনেক ডেকেছি মা তো ঘুম থেকে উঠছে না।

**প্রতিবেশী** : আরাফাত তুমি চিন্তা কর না। আমি দেখছি! দাঁড়াও হেল্পলাইনে ফোন দিই।

(প্রতিবেশী মোবাইল থেকে ৯৯৯ নম্বরে কল দেবে)

**প্রতিবেশী** : হ্যালো! ৯৯৯? আমার প্রতিবেশী ভাবি হাত কেটে রক্তক্ষরণ হয়ে অজ্ঞান হয়ে গেছেন। আপনারা দ্রুত অ্যাম্বুলেন্স পাঠান।

**প্রতিবেশী** : ঠিকানা লিখুন! (৪/৫ দ্বিতীয় তলা, জনতা জুট মিলস; মাঝের গেটসংলগ্ন, বাঘপাড়া, পলাশ, নরসিংদী)

**ভূমিকাভিনয়টি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :**

- ভূমিকাভিনয়টি কেমন লেগেছে?
- কে অসুস্থ হয়েছিল?
- কার কাছে সাহায্যের জন্য গেল?
- প্রতিবেশী কীভাবে সাহায্য করল?


**নমুনা উত্তর :**

- **ভূমিকাভিনয়টি কেমন লেগেছে?**
  **উত্তর :** ভূমিকাভিনয়টি দারুণ লেগেছে।
- **কে অসুস্থ হয়েছিল?**
  **উত্তর :** আরাফাতের মা হাত কেটে অসুস্থ হয়ে রান্নাঘরের মেঝেতে পড়েছিল।
- **কার কাছে সাহায্যের জন্য গেল?**
  **উত্তর :** আরাফাত প্রতিবেশী ফুপুর কাছে সাহায্যের জন্য গিয়েছিল।
- **প্রতিবেশী কীভাবে সাহায্য করল?**
  **উত্তর :** প্রতিবেশী প্রথমে আরাফাতের বাসায় এসে পর্যবেক্ষণ করে হেল্পলাইন ৯৯৯-এ কল করে সাহায্য করল।

## পাঠ ৪ | পরিচ্ছন্নতা রক্ষায় আমি

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**একক কাজ** | ছবিগুলো দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।





- মেঝেতে কী পড়ে আছে?
- দেখতে কেমন লাগছে?
- তোমরা চকলেট বা অন্যকিছু খেলে মোড়কটি/ প্যাকেটটি কোথায় ফেলবে?

**নমুনা উত্তর**

- **মেঝেতে কী পড়ে আছে?**
  **উত্তর :** মেঝেতে ময়লা-আবর্জনা পড়ে আছে।
- **দেখতে কেমন লাগছে?**
  **উত্তর :** দেখতে খুবই অপরিষ্কার লাগছে।
- **তোমরা চকলেট বা অন্যকিছু খেলে মোড়কটি/ প্যাকেটটি কোথায় ফেলবে?**
  **উত্তর :** আমরা চকলেট বা অন্যকিছু খেলে মোড়কটি/ প্যাকেটটি ময়লার ঝুড়িতে ফেলব।

### সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর।

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**প্রশ্ন ১। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ কেন স্বাস্থ্যকর?**

**উত্তর :** পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ দেখতে সুন্দর, তাতে মশা-মাছি জন্মে না, ধুলাবালি জমে না, রোগ-জীবাণু জন্মে না এবং দুর্গন্ধ ছড়ায় না। তাই পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ স্বাস্থ্যকর।

**প্রশ্ন ২। আমাদের নিকট পরিবেশ ও বিদ্যালয় কেন পরিচ্ছন্ন রাখা প্রয়োজন?**


**উত্তর :** আমাদের নিজ বাড়ির আশপাশে অবস্থিত অন্যান্য বাড়িঘর, পাড়া-প্রতিবেশী, গাছপালা, রাস্তাঘাট, খেলার মাঠ ইত্যাদি নিয়ে গঠিত হয় আমাদের নিকট পরিবেশ। এ নিকট পরিবেশেই আমাদের বসবাস। অন্যদিকে দিনের একটা বড়ো সময় আমরা বিদ্যালয়ে অবস্থান করি। তাই নিকট পরিবেশ এবং বিদ্যালয়ের পরিচ্ছন্নতা আমাদের জীবনে খুব গুরুত্বপূর্ণ। তাই আমরা নিকট পরিবেশ ও বিদ্যালয় পরিচ্ছন্ন রাখব।

**প্রশ্ন ৩। আমরা কীভাবে আমাদের নিকট পরিবেশ পরিচ্ছন্ন রাখতে পারি?**

**উত্তর :** আমাদের নিকট পরিবেশ পরিচ্ছন্ন রাখতে আমরা নিকট পরিবেশের রাস্তাঘাট, খেলার মাঠ ইত্যাদি স্থানে ঠোঙা, কাগজ, চিপসের প্যাকেট, চকোলেটের প্যাকেট ইত্যাদি যত্রতত্র না ফেলে ডাস্টবিনে ফেলব। সমবয়সি বন্ধুবান্ধব এবং বড়োদের সহায়তায় আগাছা পরিষ্কার করে নিকট পরিবেশ পরিচ্ছন্ন রাখা যায়। ডাস্টবিন না থাকলে বড়োদের সহায়তায় ডাস্টবিন স্থাপনের ব্যবস্থা করা যায়।

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

**দলগত কাজ** | ছবিগুলো দেখে প্রশ্নগুলোর উত্তর দাও :





- কোন ছবিটি সুন্দর লাগছে?
- তোমাদের বিদ্যালয় তোমরা কেমন চাও?
- স্কুল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে তোমরা কী করবে?

**নমুনা উত্তর**

- **কোন ছবিটি সুন্দর লাগছে?**
  **উত্তর :** প্রথম ছবিটি অনেক সুন্দর লাগছে।
- **তোমাদের বিদ্যালয় তোমরা কেমন চাও?**
  **উত্তর :** আমাদের বিদ্যালয় আমরা প্রথম ছবির মতো পরিষ্কার-পরিচ্ছন্ন চাই।
- **স্কুল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে তোমরা কী করবে?**
  **উত্তর :** স্কুল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে আমরা করিডোর, আঙিনা, স্কুলের মাঠ ইত্যাদি স্থানে কাগজের টুকরা বা ময়লাজাতীয় কিছু পড়ে থাকলে তা কুড়িয়ে ময়লার ঝুড়িতে ফেলব।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**ক নিচের বাক্যগুলো শুনে সত্য/মিথ্যা নির্ণয় কর।**

১। সাধারণত মা, বাবা ও ভাইবোন নিয়ে পরিবার গঠিত হয়।
২। পরিবারের বড়ো সদস্যদের প্রতি আমাদের কোনো দায়িত্ব ও কর্তব্য নেই।
৩। প্রবীণ সদস্যরা আমাদের অত্যন্ত স্নেহ করেন এবং কল্যাণ কামনা করেন।
৪। প্রবীণ সদস্যদের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করা উচিত নয়।
৫। পরিবার আমাদের নিরাপদ আশ্রয়স্থল।
৬। বাড়িতে আগুন লাগলে হাসপাতাল তা নেভাতে সাহায্য করে।
৭। আমাদের যেকোনো বিপদে প্রতিবেশীরা সবার আগে এগিয়ে আসেন।
৮। জাতীয় হেল্প ডেস্ক নম্বর ৯৯৯।

**উত্তরমালা :** ১। সত্য; ২। মিথ্যা; ৩। সত্য; ৪। মিথ্যা; ৫। সত্য; ৬। মিথ্যা; ৭। সত্য; ৮। সত্য।

**খ নিচের অসম্পূর্ণ বাক্যগুলো শুনে শূন্যস্থানের জন্য সঠিক শব্দটি নির্ণয় কর।**

১। সাধারণত মা, বাবা ও ভাইবোন নিয়ে — গঠিত হয়।
**উত্তর : পরিবার।**
২। — পরিবারে চাচা, চাচি, ফুপু এবং চাচাতো ভাইবোনও থাকে।
**উত্তর : যৌথ।**
৩। পরিবারের — সদস্যগণের আদেশ ও নির্দেশ আমরা মেনে চলব।
**উত্তর : বড়ো।**
৪। আমাদের মা-বাবাকে যত্নসহকারে লালন-পালন করেছেন —।
**উত্তর : দাদা-দাদি, নানা-নানি।**
৫। আমরা পরিবারের ছোটোরা — নিকট ঋণী।
**উত্তর : প্রবীণদের।**
৬। — আমাদের সবচেয়ে নিরাপদ আশ্রয়স্থল।
**উত্তর : পরিবার।**
৭। আমাদের নিরাপত্তার ঝুঁকি থেকে সুরক্ষার জন্য বিভিন্ন — রয়েছে।
**উত্তর : সেবাদানকারী সংস্থা।**
৮। বাড়িতে চুরি, ডাকাতি হলে — চোর, ডাকাত ধরে আমাদের সুরক্ষা দেয়।
**উত্তর : পুলিশ।**
৯। — পরিবেশ সবারই পছন্দ।
**উত্তর : পরিষ্কার-পরিচ্ছন্ন।**
১০। পরিচ্ছন্ন পরিবেশ — হয়।
**উত্তর : স্বাস্থ্যকর।**
১১। দিনের একটা বড়ো সময় আমরা — অবস্থান করি।
**উত্তর : বিদ্যালয়ে।**
১২। — রক্ষায় সবাইকে সক্রিয় ভূমিকা পালন করতে হয়।
**উত্তর : পরিচ্ছন্নতা।**

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**ক নিচের প্রশ্নগুলোর উত্তর বলো।**

**প্রশ্ন ১। কাদের নিয়ে পরিবার গঠিত হয়?**
**উত্তর :** মা, বাবা ও ভাইবোন নিয়ে পরিবার গঠিত হয়।

**প্রশ্ন ২। যৌথ পরিবার কাদের নিয়ে গঠিত হয়?**
**উত্তর :** দাদা, দাদি, বাবা, মা, ভাইবোন, চাচা, চাচি, ফুপু এবং চাচাতো ভাইবোন নিয়ে যৌথ পরিবার গঠিত হয়।

**প্রশ্ন ৩। পরিবারে কাদের আমরা সম্মান ও শ্রদ্ধা করব?**
**উত্তর :** পরিবারের বড়োদের আমরা সম্মান ও শ্রদ্ধা করব।

**প্রশ্ন ৪। পরিবারের কারা আমাদের নিকট পরম শ্রদ্ধেয় ও সম্মানীয় ব্যক্তি?**
**উত্তর :** পরিবারের প্রবীণ সদস্যগণ আমাদের নিকট পরম শ্রদ্ধেয় ও সম্মানীয় ব্যক্তি।

**প্রশ্ন ৫। পরিবারের কারা আমাদের অত্যন্ত স্নেহ করেন এবং আমাদের কল্যাণ কামনা করেন?**
**উত্তর :** পরিবারের প্রবীণ সদস্যগণ আমাদের অত্যন্ত স্নেহ করেন এবং আমাদের কল্যাণ কামনা করেন।

**প্রশ্ন ৬। আমাদের নিকট পরিবেশ কীভাবে গঠিত হয়?**
**উত্তর :** আমাদের নিজ বাড়ির আশপাশে অবস্থিত অন্যান্য বাড়িঘর, পাড়া-প্রতিবেশী, গাছপালা, রাস্তাঘাট, খেলার মাঠ ইত্যাদি নিয়ে গঠিত হয় আমাদের নিকট পরিবেশ।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**ক নিচের প্রশ্নগুলো মনোযোগ সহকারে পড় এবং সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ।**

**১. সাধারণত মা, বাবা ও ভাইবোন নিয়ে কী গঠিত হয়?**
ⓚ সমাজ ⓚ পরিবার
ⓖ মহল্লা ⓖ রাষ্ট্র
**উত্তর : (খ) পরিবার।**

**২. পরিবারের কোনো সদস্য অসুস্থ হলে তাদের কী করা উচিত?**
(ক) অবহেলা (খ) অবজ্ঞা
(গ) এড়িয়ে চলা (ঘ) সেবা
**উত্তর : (ঘ) সেবা।**

**৩. আমরা কাদের নিকট ঋণী?**
(ক) ছোটো বোন (খ) চাচাতো ভাইবোন
(গ) দাদা-দাদি (ঘ) সমবয়সী সদস্য
**উত্তর : (গ) দাদা-দাদি।**

৪. প্রবীণদের কেউ কেউ কোন কারণে অনেক দুর্বল?
(ক) কাজের (খ) বয়সের
(গ) খাবারের (ঘ) রাগের
উত্তর : (খ) বয়সের।

৫. পরিবারের কোন সদস্যগণ স্বাধীনভাবে চলাফেরা করতে পারেন না?
(ক) ভাইবোন (খ) বাবা-মা
(গ) দুর্বল প্রবীণ (ঘ) চাচা-চাচি
উত্তর : (গ) দুর্বল প্রবীণ।

৬. পরিবারের কেউ অসুস্থ হলে তাকে চিকিৎসার জন্য কোথায় নিয়ে যাওয়া হয়?
(ক) থানায় (খ) ফায়ার ব্রিগেডে
(গ) বিদ্যালয়ে (ঘ) হাসপাতালে
উত্তর : (ঘ) হাসপাতালে।

৭. ফায়ার সার্ভিস, অ্যাম্বুলেন্স এবং পুলিশি সেবা পেতে জাতীয় হেল্প ডেস্ক হিসেবে কোনটি চালু রয়েছে?
(ক) ২২২ (খ) ৯৯৯
(গ) ৪৪৪ (ঘ) ৮৮৮
উত্তর : (খ) ৯৯৯।

৮. ময়লা-আবর্জনা কোথায় ফেলা উচিত?
(ক) রাস্তাঘাটে (খ) যেখানে-সেখানে
(গ) ডাস্টবিনে (ঘ) বাড়ির আঙিনায়
উত্তর : (গ) ডাস্টবিনে।

## খ নিচের প্রশ্নগুলো পড়ে সংক্ষেপে উত্তর দাও।

**প্রশ্ন ১। পরিবার কীভাবে গঠিত হয়?**

**উত্তর :** সাধারণত মা, বাবা ও ভাইবোন নিয়ে পরিবার গঠিত হয়। এছাড়াও যৌথ পরিবারে চাচা, চাচি, ফুপু এবং চাচাতো ভাইবোনও থাকে। অনেক পরিবারে দাদা-দাদি, নানা-নানি কিংবা অন্যান্য বয়োজ্যেষ্ঠ ব্যক্তিও থাকেন। পরিবারের বড়ো সদস্যগণ ছোটোদের লালন-পালন করেন, আদর-স্নেহ করেন এবং যত্ন নেন।

**প্রশ্ন ২। পরিবারের প্রতি তোমাদের দায়িত্ব ও কর্তব্য কী?**

**উত্তর :** পরিবারের সকল সদস্যের প্রতি আমাদের অনেক দায়িত্ব ও কর্তব্য রয়েছে। পরিবারের বড়ো সদস্যগণের আদেশ-নির্দেশ আমরা মেনে চলব। তাদের সম্মান ও শ্রদ্ধা করব। পরিবারের কাজে তাদের আমরা সাহায্য করব। অন্যদিকে, পরিবারের ছোটোদের আমরা ভালোবাসব ও স্নেহ করব। তাদেরকে খেতে সাহায্য করব। সবসময় তাদের দিকে লক্ষ রাখব। এছাড়া পরিবারের কোনো সদস্য অসুস্থ হলে তাদের সেবা করব।

**প্রশ্ন ৩। পরিবারের প্রবীণদের প্রতি তোমাদের দায়িত্ব ও কর্তব্য কী?**

**উত্তর :** অনেক পরিবারে দাদা-দাদি, নানা-নানিসহ আরও অনেক প্রবীণ সদস্য রয়েছেন। পরিবারের এসব প্রবীণ সদস্য আমাদের নিকট পরম শ্রদ্ধেয় ও সম্মানীয় ব্যক্তি। তাদের প্রতি আমাদের অনেক দায়িত্ব ও কর্তব্য আছে। তাদের আমরা ভালোবাসব, তাদের সঙ্গ দেব, তাদের সাথে গল্প করব, তাদের বেড়াতে নিয়ে যাব, প্রয়োজনীয় সব ধরনের সাহায্য-সহযোগিতা করব এবং তাদের উপদেশ মেনে চলব।

## লেখা নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

### ক বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল করে লেখ।

**প্রশ্ন ১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশ মিল কর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| (ক) মা, বাবা ও ভাইবোন নিয়ে | বড়ো পরিবার। |
| (খ) যৌথ পরিবার হলো | সম্মান করব। |
| (গ) একক পরিবার হলো | আইন মেনে চলব। |
| (ঘ) আমরা পরিবারের বড়োদের | পরিবার গঠিত হয়। |
| (ঙ) পরিবারের ছোটোদের | দায়িত্ব ও কর্তব্য। |
| | স্নেহ করব। |
| | ছোটো পরিবার। |

**উত্তরমালা :**

(ক) মা, বাবা ও ভাইবোন নিয়ে **পরিবার গঠিত হয়।**
(খ) যৌথ পরিবার হলো **বড়ো পরিবার।**
(গ) একক পরিবার হলো **ছোটো পরিবার।**
(ঘ) আমরা পরিবারের বড়োদের **সম্মান করব।**
(ঙ) পরিবারের ছোটোদের **স্নেহ করব।**

### খ নিচের বর্ণনামূলক প্রশ্নগুলোর উত্তর লেখ।

**প্রশ্ন ১। মানুষের সবচেয়ে নিরাপদ আশ্রয়স্থল কোনটি? পরিবারের সদস্যদের নিরাপত্তার ঝুঁকি তৈরি করে এমন চারটি কারণ লেখ।**

**উত্তর :** পরিবার মানুষের সবচেয়ে নিরাপদ আশ্রয়স্থল।

পরিবারের সদস্যদের নিরাপত্তার ঝুঁকি তৈরি করে এমন চারটি কারণ হলো—

১. পরিবারের কেউ হঠাৎ অসুস্থ হলে।
২. পরিবারের কেউ দুর্ঘটনায় পড়লে।
৩. ঘরে আগুন লাগলে।
৪. বাড়িতে চুরি বা ডাকাতি হলে।

**প্রশ্ন ২। আমাদের বিপদ-আপদে কারা সবার আগে এগিয়ে আসেন? কেমন পরিবেশ সবার পছন্দ? পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার চারটি উপায় লেখ।**

**উত্তর :** আমাদের বিপদ-আপদে প্রতিবেশীরা সবার আগে এগিয়ে আসেন। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ সবার পছন্দ।

পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার চারটি উপায় হলো—

১. চিপসের প্যাকেট বা চকলেটের প্যাকেট যত্রতত্র না ফেলা।
২. ময়লা-আবর্জনা ডাস্টবিনে ফেলা।
৩. যেখানে-সেখানে কফ-থুথু না ফেলা।
৪. যেখানে-সেখানে মলমূত্র ত্যাগ না করা।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | • পরিবারের সংজ্ঞা বলতে ও লিখতে পারবে | | | |
| | • পরিবারের বিভিন্ন সদস্য ও তাদের অবস্থান সম্পর্কে জানবে | | | |
| | • পরিবারের সদস্যদের নিরাপত্তা সম্পর্কে বলতে পারবে | | | |
| | • পরিষ্কার-পরিচ্ছন্নতা সম্পর্কে ধারণা লাভ করবে ও বলতে পারবে | | | |
| দক্ষতা | • পরিবারের সদস্যদের প্রতি দায়িত্ব ও কর্তব্য বর্ণনা করতে পারবে | | | |
| | • পরিবারের প্রবীণ সদস্যদের প্রতি করণীয় বর্ণনা করতে পারবে | | | |
| | • পরিবারের সুরক্ষা রক্ষায় করণীয় ও পরিবেশ পরিচ্ছন্নতার গুরুত্ব বর্ণনা করতে পারবে | | | |
| দৃষ্টিভঙ্গি | • পরিবারের সদস্যদের প্রতি দায়িত্বশীল আচরণ করবে | | | |
| | • পরিবারের প্রবীণ সদস্যদের মূল্যায়ন ও সম্মান ও সম্মান প্রদর্শন করবে | | | |
| | • পরিবারের সুরক্ষার জন্য সচেতনতা লাভ করবে | | | |
| | • পরিবেশের পরিচ্ছন্নতা রক্ষায় সম্পৃক্ত হবে | | | |
| মূল্যবোধ | • শ্রেণিকক্ষের নিয়ম মেনে চলেছে। | | | |
| | • অন্যের মতামত ধৈর্য্য সহকারে শুনেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি


তারিখ : ☐☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় : ...............

শিক্ষার্থীর নাম : ............................................ শ্রেণি : ........................................ রোল নম্বর : ☐

১। ছবি দুটি পর্যবেক্ষণ করে নিচের প্রশ্নগুলোর উত্তর বলি।



ছবি-১



ছবি-২

(১) ১নং ছবিতে কে, কী করছে?

(২) কেন করছে?

(৩) ২নং ছবিতে কে, কী করছে?

(৪) কেন করছে?

২। (ক) সাধারণত মা, বাবা ও ভাইবোন নিয়ে — গঠিত হয়।

(খ) আমরা পরিবারের ছোটোরা — নিকট ঋণী।

(গ) পরিচ্ছন্ন পরিবেশ — হয়।

(ঘ) — রক্ষায় সবাইকে সক্রিয় ভূমিকা পালন করতে হয়।

(ঙ) — আমাদের সবচেয়ে নিরাপদ আশ্রয়স্থল।

৩। (ক) মানুষের সবচেয়ে নিরাপদ আশ্রয়স্থল কোনটি? পরিবারের সদস্যদের নিরাপত্তার ঝুঁকি তৈরি করে এমন চারটি কারণ লেখ।

(খ) আমাদের বিপদ-আপদে কারা সবার আগে এগিয়ে আসেন? কেমন পরিবেশ সবার পছন্দ? পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার চারটি উপায় লেখ।

### উত্তরমালা

১। ৭১ পৃষ্ঠার ১নং পাঠের একক কাজ (ক) দ্রষ্টব্য।

২। (ক) পরিবার; (খ) প্রবীণদের; (গ) স্বাস্থ্যকর; (ঘ) পরিচ্ছন্নতা; (ঙ) পরিবার।

৩। (ক) ৭৯ পৃষ্ঠার ১নং প্রশ্নোত্তর দ্রষ্টব্য।

(খ) ৭৯ পৃষ্ঠার ২নং প্রশ্নোত্তর দ্রষ্টব্য।

মূল্যায়ন রিপোর্ট : ........................ শিখনের অর্জিত মাত্রা ☐